**বাংলাদেশ অর্থনীতি সমিতি**

৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

তারিখ : ৩১ ডিসেম্বর ২০২৪

**সংবাদ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যনির্বাহক কমিটির ২১তম সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সমিতির অন্তর্বর্তীকালীন কমিটি গঠিত হয়। সমিতির সভায় সভাপতিত্ব করেন ড. কাজী খলীকুজ্জমান আহমদ, সভাপতি, কার্যনির্বাহক কমিটি ২০২৪-২০২৬ (সভার কার্যবিবরণী সংযুক্ত)।

অন্তর্বর্তীকালীন কমিটির তালিকা এই সঙ্গে সংযোজিত করা হলো। উক্ত কমিটিতে আহ্বায়কের দায়িত্ব পালন করবেন প্রফেসর ড. মাহবুব উল্লাহ এবং সদস্য সচিবের দায়িত্বপালন করবেন প্রফেসর ড. মোহাম্মদ হেলাল উদ্দিন।

**অন্তর্বর্তীকালীন কমিটির তালিকা:**

| ক্রমিক | নাম | পদ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) |
|---|---|---|
| ১. | প্রফেসর ড. মাহবুব উল্লাহ | আহবায়ক |
| ২. | প্রফেসর ড. মোহাম্মদ হেলাল উদ্দিন | সদস্য-সচিব |
| ৩. | প্রফেসর আবু আহমেদ | সদস্য |
| ৪. | জনাব এ কে এম ফজলুল হক মিলন | সদস্য |
| ৫. | প্রফেসর ড. এ কে এম আতিকুর রহমান | সদস্য |
| ৬. | প্রফেসর ড. এম এ তসলিম | সদস্য |
| ৭. | প্রফেসর ড. এ টি এম নূরুল আমিন | সদস্য |
| ৮. | প্রফেসর ড. অতনু রব্বানী | সদস্য |
| ৯. | প্রফেসর ড. আবুল কালাম আজাদ | সদস্য |
| ১০. | প্রফেসর ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর | সদস্য |
| ১১. | প্রফেসর ড. সায়েমা হক বিদিশা | সদস্য |
| ১২. | জনাব মোঃ নূরুল আমিন | সদস্য |
| ১৩. | জনাব শহীদুল ইসলাম | সদস্য |
| ১৪. | জনাব মোস্তফা সাইফুল আনোয়ার বুলবুল | সদস্য |
| ১৫. | প্রফেসর ড. মোহাম্মদ মাসুদ আলম | সদস্য |
| ১৬. | প্রফেসর ড. মোহাম্মদ শফিকুল ইসলাম | সদস্য |
| ১৭. | জনাব আশরাফুজ্জামান খান | সদস্য |
| ১৮. | জনাব আব্দুল বাকি | সদস্য |
| ১৯. | প্রফেসর ড. মোহাম্মদ মুজাফ্ফর আহমেদ | সদস্য |
| ২০. | প্রফেসর ড. মোঃ জাকির ছায়াদউল্লাহ খান | সদস্য |
| ২১. | প্রফেসর ড. এ এইচ এম সেলিমউল্লাহ | সদস্য |
| ২২. | প্রফেসর ড. মোহাঃ ফরিদ উদ্দীন খান | সদস্য |
| ২৩. | প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম | সদস্য |
| ২৪. | প্রফেসর ড. আওলাদ হোসেন | সদস্য |
| ২৫. | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন | সদস্য |
| ২৬. | জনাব সৈয়দা নাজমা পারভীন পাপড়ি | সদস্য |
| ২৭. | জনাব পার্থ সারথী ঘোষ | সদস্য |
| ২৮. | ড. নাজমুল ইসলাম | সদস্য |
| ২৯. | জনাব সৈয়দ এসরারুল হক সোপেন | সদস্য |

বার্তা প্রেরক:

(মোস্তফা সাইফুল আনোয়ার বুলবুল)
সদস্য
অন্তর্বর্তীকালীন কমিটি
বাংলাদেশ অর্থনীতি সমিতি

বাঅস/কাবি-৫/২০২৪-২৬/২১

**বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যনির্বাহক কমিটির ২১তম সভার কার্যবিবরণী**

গত ২৩ ডিসেম্বর ২০২৪ তারিখ সোমবার রাত ৮:৩০টায় জুম মাধ্যমে বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যনির্বাহক কমিটি (২০২৪-২৬)-এর ২১তম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অর্থনীতি সমিতির কার্যনির্বাহক কমিটির সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ।

জুম মাধ্যমে সংযুক্ত সদস্যবৃন্দ যথাক্রমে, সর্বজনাব

১. ড. কাজী খলীকুজ্জমান আহমদ
২. ড. জামালউদ্দিন আহমেদ এফসিএ
৩. সৈয়দা নাজমা পারভীন পাপড়ি
৪. ড. মোঃ লিয়াকত হোসেন মোড়ল
৫. মোঃ মোস্তাফিজুর রহমান সরদার
৬. অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম
৭. বদরুল মুনির
৮. মোহাম্মদ আকবর কবীর
৯. শেখ আলী আহমেদ টুটুল
১০. নেছার আহমেদ
১১. মনছুর এম. ওয়াই. চৌধুরী
১২. মোঃ জাহাঙ্গীর আলম
১৩. সৈয়দ এসরারুল হক সোপেন
১৪. পার্থ সারথী ঘোষ
১৫. অধ্যাপক ড. আবুল বারকাত
১৬. অধ্যাপক হান্নানা বেগম
১৭. অধ্যাপক ড. মোঃ জহিরুল ইসলাম সিকদার
১৮. অধ্যাপক ড. মোঃ মোয়াজ্জেম হোসেন খান
১৯. ড. নাজমুল ইসলাম
২০. মোঃ মোজাম্মেল হক
২১. অধ্যাপক ড. মোহাম্মদ সাদিকুন্নবী চৌধুরী
২২. খোরশেদুল আলম কাদেরী

সভায় সংযুক্ত হতে পারেননি যথাক্রমে, সর্বজনাব

২৩. এ জেড এম সালেহ্
২৪. অধ্যাপক ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া
২৫. অধ্যাপক ড. মোঃ মোরশেদ হোসেন
২৬. ড. শাহেদ আহমেদ
২৭. অধ্যাপক শাহানারা বেগম
২৮. অধ্যাপক মোঃ আখতারুজ্জামান খান
২৯. মেহেরুননেছা

সভার সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ সংযুক্ত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ:**

১. **সিদ্ধান্ত:** কার্যনির্বাহক কমিটির সভায় বাংলাদেশের পরিবর্তিত বিশেষ রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতি, সামগ্রিক প্রেক্ষাপট এবং বাংলাদেশ অর্থনীতি সমিতির সুমহান আদর্শ, ঐতিহ্য ও ভাবমূর্তি বিবেচনায় নিয়ে সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত গৃহীত হয় যে, বাংলাদেশ অর্থনীতি সমিতির ২০২৪-২৬ মেয়াদকালের জন্য 'নির্বাচিত কার্যনির্বাহক কমিটি' সমিতির গঠনতন্ত্রের ধারা "ঙ কার্যনির্বাহক কমিটির কার্যবিধি (৫), (৭), (৮)" অনুসরণ করে অর্থনীতি সমিতির কার্যক্রম পরিচালনার দায়িত্ব নির্বাচিত কার্যনির্বাহক কমিটির অনুমোদনক্রমে গঠিত ২৯ সদস্যের একটি অন্তর্বর্তীকালীন কমিটির কাছে হস্তান্তর করবেন। ২৯ সদস্যের অন্তর্বর্তীকালীন কমিটিতে একজন কনভেনর বা আহ্বায়ক ও একজন সদস্যসচিব থাকবেন এবং ভূতপূর্ব নির্বাচিত কার্যনির্বাহক কমিটির চারজন (০৪) সদস্য প্রতিনিধি হিসেবে অন্তর্ভুক্ত থাকবেন, যাঁরা হচ্ছেন সৈয়দা নাজমা পারভীন পাপড়ি, জনাব পার্থ সারথী ঘোষ, ড. নাজমুল ইসলাম এবং জনাব সৈয়দ এসরারুল হক সোপেন। নির্বাচিত কার্যনির্বাহক কমিটির অনুমোদনক্রমে গঠিত অন্তর্বর্তীকালীন কমিটির প্রধান দায়িত্ব হবে অনধিক এক (০১) বছরের মধ্যে বাংলাদেশ অর্থনীতি সমিতির গঠনতন্ত্র অনুযায়ী সাধারণ সভা ও কার্যনির্বাহক কমিটির নির্বাচন আয়োজন করা এবং সমিতির বার্ষিক দাপ্তরিক কার্যক্রমসমূহ পরিচালনা করা। এখানে উল্লেখ্য, গত **১৯** ও **২১** ডিসেম্বর ২০২৪ তারিখ নির্বাচিত কার্যনির্বাহক কমিটির সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম-এর নেতৃত্বে গঠিত চার সদস্যের প্রতিনিধিদল সমিতির ভাবমূর্তি ও ঐতিহ্য রক্ষার লক্ষ্যে সমিতির আজীবন সদস্য অধ্যাপক ড. মাহবুব উল্লাহ-এর নেতৃত্বে কয়েকজন সমিতির সদস্যের সঙ্গে হৃদ্যতা ও আন্তরিকতাপূর্ণ পরিবেশে বৈঠক করেন। ওই বৈঠকসমূহে বাংলাদেশের সামগ্রিক পরিস্থিতি ও বাংলাদেশ অর্থনীতি সমিতিকে কেন্দ্র করে সাম্প্রতিক সময়ে সংঘটিত অনাকাঙ্ক্ষিত এবং অনভিপ্রেত ঘটনাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। দ্বিপাক্ষিক এসব আলোচনাকালে অর্থনীতি সমিতির গঠনতন্ত্রের বিধানবলে একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য সমাধান এবং সমিতির অন্তর্বর্তীকালীন কমিটিতে সাম্প্রতিক সময়ে অরাজকতা-বিশৃঙ্খলা সৃষ্টিকারী, বেআইনি কার্যক্রম পরিচালনাকারী ও সমিতির ভাবমূর্তি বিনষ্টকারী অবৈধভাবে গঠিত তথাকথিত এডহক কমিটির কোনো সদস্যকে অন্তর্ভুক্ত না করার বিষয়ে উভয়পক্ষ একমত হন।

এরই পরিপ্রেক্ষিতে বাংলাদেশ অর্থনীতি সমিতির ২০২৪-২৬ মেয়াদকালের জন্য নির্বাচিত কার্যনির্বাহক কমিটির সভায় গঠনতন্ত্রের বিধান অনুসরণ করে কার্যনির্বাহক কমিটির সভায় এক (০১) বছরের মধ্যে সাধারণ সভা ও নির্বাচন আয়োজন এবং সমিতির স্বাভাবিক দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে অন্তর্বর্তীকালীন কমিটি গঠন ও অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আর কোনো বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

(অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম)
সাধারণ সম্পাদক
বাংলাদেশ অর্থনীতি সমিতি

(ড. কাজী খলীকুজ্জমান আহমদ)
সভাপতি
বাংলাদেশ অর্থনীতি সমিতি